

সব কলেজে সমাজ বিজ্ঞান কোর্স চাই

জ্ঞান চর্চায় জগৎ সমাজ বিজ্ঞান একটি অধুনিকতম সংযোজন হলেও এর উন্নয়ন হারিয়েছে। গেরিস্টটল ও লেনিনের যুগেই। মনিষী সেন্ট সাইমনের শিষ্য অগস্ট কোং কতক এই বিজ্ঞানের স্বতন্ত্র একটি নাম করণের প্রেক্ষিতে এটি একটি একক পাঠ্যক্রম হিসাবে চিহ্নিত হয়।

বিদেশের বহু বিশ্ববিদ্যালয় ও কলেজ সমাজ বিজ্ঞান একটি বিশিষ্ট পাঠ্যক্রম হিসাবে অনেক আগে থেকেই এর যোগ্য মর্যাদায় সম্বোধন।

আমাদের দেশে ইউনাইটেড প্রচেষ্টার ১৯৫৭ সাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে সব প্রথম একটি স্বতন্ত্র বিভাগ হিসাবে সমাজ বিজ্ঞানের পাঠ্যক্রম শুরু করে। বর্তমান বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছাড়াও কিছু কিছু কলেজ সমাজ বিজ্ঞান পড়ানো হয়ে থাকে।

মানব সমাজের অগ্রগতির ধারা ও জ্ঞান বিজ্ঞানের প্রসারের সাথে সামঞ্জস্য রেখে এই বিজ্ঞানের প্রচার ও প্রসার ক্ষেত্রে হওয়া উচিত ছিল আমাদের দেশে তা হয়নি। ফলে প্রতি বছর আমাদের দেশের বিশ্ববিদ্যালয় ও কলেজগুলো থেকে সমাজ বিজ্ঞানে পাসকরা অনেক ছেলে চরম বেকারতের সম্মুখীন হচ্ছে। অথচ বাংলাদেশের বর্তমান সমাজ ব্যবস্থার নিরিখে দেশের সমাজ বিজ্ঞানীদের ভূমিকাকে কোন কমেই ছোট করে দেখার অবকাশ নেই।

বর্তমানে আমাদের দেশে মর্মে কিছু কিছু কলেজে সমাজ বিজ্ঞান পড়ানো হয়ে থাকে। কিন্তু দেশের প্রতিটি কলেজে অন্যান্য বিষয়ের



মতো সমাজ বিজ্ঞানকে অন্তর্ভুক্ত করা হলে এক দিকে যেন দেশের হাজার হাজার তরুন বেকারদের কর্মসংস্থান হয়, অন্যদিকে এই অবক্ষয়ী সমাজ ব্যবস্থাকে পরিবর্তন সাধনে তারা তাদের যোগ্য অবদান রাখতে সক্ষম হবে। তাই আমাদের আবেদন দেশের প্রতিটি সরকারী ও বেসরকারী কলেজে অন্তর্ভুক্তি সমাজ বিজ্ঞান বিভাগ চালু করা হোক। এই ব্যাপারে সর্বশিল্পিত কতৃপক্ষ ও শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মোহাম্মদ ফারুকউদ্দীন

বিএসএস (সম্মান)

এমএসএস (সমাজ বিজ্ঞান)

২০/১৬, জনমত রোড, মোহাম্মদ

পুর, ঢাকা-৭।